# ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের ধারা ৫০৪ -এর অধীনে অধিকারের বিজ্ঞপ্তি

এই বিজ্ঞপ্তিতে উল্লেখিত এই অধিকারগুলি বাবা-মা/অভিভাবক/যত্নপ্রদানকারী এবং আইনানুযায়ী ম্যাসাচুসেটসে ১৮ (আঠারো) বছর পূর্ণ হলেই প্রাপ্তবয়স্কের অধিকারপ্রাপ্ত হয় এমন যোগ্য শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য, এবং এই অধিকারগুলি ধারা ৫০৪ -এর অধীনে তাদের প্রদত্ত হয়েছে। এই অধিকারগুলি নিম্নরূপ:

১. ধারা ৫০৪ -এর অধীনে আপনার অধিকার সম্পর্কে অবহিত হওয়ার অধিকার আপনার আছে। এই বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোনো অধিকার সম্পর্কে আপনার যদি আরও ব্যাখ্যা বা স্পষ্টীকরণের প্রয়োজন হয়, তাহলে আপনার প্রশাসনিক ভবন-ভিত্তিক ধারা ৫০৪ প্রশাসক, আপনার সন্তানের অধ্যক্ষ, অথবা Cambridge পাবলিক স্কুলের ধারা ৫০৪ পরিকল্পনার দায়িত্বে থাকা শিক্ষিকা Christine DeAmbrose -এর সাথে 617.319.6508 নম্বরে যোগাযোগ করুন। স্কুল ডিস্ট্রিক্ট যখন কোনও শিক্ষার্থীকে তাদের অক্ষমতা বা সন্দেহজনক অক্ষমতার কারণে সনাক্ত করে, মূল্যায়ন করে, মূল্যায়ন করতে অস্বীকার করে, একটি নতুন শিক্ষাগত স্থান নির্ধারণ করে, একটি নতুন শিক্ষাগত স্থান নির্ধারণ করতে অস্বীকার করে বা তাদের স্থান নির্ধারণে কোনও উল্লেখযোগ্য পরিবর্তন করে, তখন এই পদ্ধতিগত অধিকারের বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি পাওয়ার অধিকারও আপনার আছে।

২. শিক্ষার্থীর সনাক্তকরণ, মূল্যায়ন, অথবা স্থান নির্ধারণ সংক্রান্ত যে কোনো পদক্ষেপের আগে Cambridge পাবলিক স্কুল কর্তৃক অবহিত হওয়ার অধিকার আপনার আছে।

৩. যদি স্কুল ডিস্ট্রিক্টের মনে হয় যে শিক্ষার্থীর মানসিক বা শারীরিক প্রতিবন্ধকতা রয়েছে যা শেখার বা জীবনের পক্ষে গুরুত্বপূর্ণ অন্য কোনও কার্যকলাপকে উল্লেখযোগ্যভাবে সীমিত করে, তাহলে শিক্ষার্থীর মূল্যায়নের অধিকার আপনার আছে, এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা এবং শিক্ষার্থীর শিক্ষাগত অবস্থানে পরবর্তী কোনও উল্লেখযোগ্য পরিবর্তনের আগে মূল্যায়নের অধিকার আপনার আছে।

৪. শিক্ষার্থীর বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা লাভের অধিকার রয়েছে। প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের বাবা-মা/অভিভাবক/যত্নপ্রদানকারীর যে খরচ করতে হয় সেই একই পরিমাণ খরচ প্রতিবন্ধকতা আছে এমন শিক্ষার্থীদের বাবা-মা/অভিভাবক/যত্নপ্রদানকারীদেরও বহন করতে হবে।

৫. যথাসম্ভব উপযুক্ত হয় এমন পরিসরে, প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের সাথে এই বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের অধিকার রয়েছে।

৬. শিক্ষার্থীর তাঁর অক্ষমতার কারণে কোনরকম বৈষম্য ছাড়াই অংশগ্রহণ করার সুবিধা এবং পরিষেবাগুলি গ্রহণের অধিকার রয়েছে।

৭. শিক্ষার্থীর এমন পরিষেবা ও সুযোগ-সুবিধা পাওয়ার এবং কার্যকলাপের অধিকার রয়েছে যা প্রতিবন্ধকতার শিকার নয় এমন শিক্ষার্থীদের জন্য প্রদত্ত।

৮. যদি প্রচলিত মূল্যায়ন উপকরণগুলি মূল্যায়নের অংশ হিসেবে ব্যবহার করা হয়, তাহলে মূল্যায়ন পরিচালনার জন্য ব্যবহৃত পদ্ধতি এবং অন্যান্য উপকরণগুলিকে পরীক্ষার বৈধতা, প্রশাসনের সঠিক পদ্ধতি এবং উপযুক্ত পরীক্ষা নির্বাচন সম্পর্কিত ধারা ৫০৪ -এর প্রয়োজনীয়তা মেনে চলতে হবে। Cambridge পাবলিক স্কুলগুলি বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য বিবেচনা করবে, যার মধ্যে অন্তর্ভুক্ত (তবে তালিকা এখানেই সীমাবদ্ধ নয়) রয়েছে যোগ্যতা এবং কৃতিত্ব পরীক্ষা, শিক্ষকের সুপারিশ, শারীরিক অবস্থার প্রতিবেদন, সামাজিক ও সাংস্কৃতিক পটভূমি, অভিযোজিত আচরণ, স্বাস্থ্য সম্পর্কিত নথি, রিপোর্ট কার্ড, অগ্রগতি সম্পর্কিত সংক্ষিপ্ত মন্তব্য, বাবা-মায়ের পর্যবেক্ষণ, রাজ্য ও ডিস্ট্রিক্টের উপযুক্ত মানসম্পন্ন পরীক্ষাতে প্রাপ্ত স্কোর এবং প্রশমিত করার মাপকাঠি।

৯. শিক্ষার্থীর থাকার ব্যবস্থা, পরিবর্তন, পরিষেবা এবং/অথবা স্থান নির্ধারণের সিদ্ধান্ত অবশ্যই এমন একদল ব্যক্তির (ধারা ৫০৪ বিষয়ক টিম) দ্বারা নেওয়া উচিত যারা শিক্ষার্থী সম্পর্কে, মূল্যায়ন তথ্যের অর্থ সম্পর্কে, সম্ভাব্য স্থান নির্ধারণের বিকল্পগুলি সম্পর্কে এবং সর্বোচ্চ মাত্রায় বিশেষভাবে সক্ষম শিশুদের স্বাভাবিক শিশুদের সাথে শিক্ষিত করার প্রয়োজনীয়তা সম্পর্কে যথেষ্ঠ ওয়াকিবহাল।

১০. যদি শিক্ষার্থী ধারা ৫০৪ -এর অধীনে পরিষেবার জন্য যোগ্য হয়, তাহলে তাদের শিক্ষাগত চাহিদার পরিবর্তন হয়েছে কিনা তা নির্ধারণের জন্য পর্যায়ক্রমিক মূল্যায়নের অধিকার রয়েছে। সাধারণত, কমপক্ষে প্রতি তিন বছর অন্তর একটি মূল্যায়ন করা হবে।

১১. শিক্ষার্থী সম্পর্কিত প্রাসঙ্গিক নথি এবং নথি পরীক্ষা করার অধিকার আপনার আছে। আরও স্পষ্ট করে বলতে গেলে, বাবা-মা/অভিভাবক/যত্নপ্রদানকারী অথবা চৌদ্দ বছর বা তার বেশি বয়সী অথবা নবম শ্রেণীতে পড়ছে এমন শিক্ষার্থীর স্কুল কর্তৃক শিক্ষার্থীর উপর ন্যস্ত সমস্ত প্রাসঙ্গিক নথি পরীক্ষা করার অধিকার আছে।

## ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের ধারা ৫০৪ -এর অধীনে অধিকারের বিজ্ঞপ্তি

১২. ধারা ৫০৪ -এর অধীনে যোগ্য শিক্ষার্থীরা Cambridge পাবলিক স্কুলসের আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত হলে Cambridge পাবলিক স্কুলসের *অধিকার ও দায়িত্ব বিষয়ক আকরগ্রন্থে* বর্ণিত হয়েছে এমন কিছু অতিরিক্ত সুরক্ষা শিক্ষার্থীদের প্রদান করা হবে, যার ফলে তাদের সাময়িকভাবে বহিষ্কার বা স্থায়ীভাবে বহিষ্কার করা হতে পারে যা স্থান নির্ধারণে একটি উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসে। *অধিকার ও দায়িত্ব বিষয়ক আকরগ্রন্থের* ধারা ১৮ দেখুন।

১৩. যদি আপনার শিক্ষার্থীর শিক্ষা সম্পর্কিত অন্যান্য সমস্যা থাকে যার মধ্যে বিশেষভাবে সনাক্তকরণ, মূল্যায়ন বা স্থান নির্ধারণের বিষয়টি জড়িত না থাকে, তাহলে বাবা-মা/অভিভাবক/যত্নপ্রদানকারী বা প্রাপ্তবয়স্ক হয়েছে এমন শিক্ষার্থীর Cambridge পাবলিক স্কুলের সেকশন ৫০৪ পরিকল্পনার দায়িত্বে থাকা শিক্ষিকা, Christine DeAmbrose -এর কাছে 617.349.6508 নম্বরে ক্ষোভ জানানো বা অভিযোগ জমা দেওয়ার অধিকার রয়েছে।

১৪. পুনর্বাসন আইনের ধারা ৫০৪ -এর অধীনে শিক্ষার্থীর সনাক্তকরণ, মূল্যায়ন, বা স্থান নির্ধারণের বিষয়ে Cambridge পাবলিক স্কুলের যে কোনো পদক্ষেপের বিরুদ্ধে আপনার যদি আপত্তি থাকে, তাহলে নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়ার শুনানির অধিকার আপনার রয়েছে। শুনানির জন্য অনুরোধ ব্যুরো অফ স্পেশাল এডুকেশন আপিল (BSEA), ১৪ সামার স্ট্রিট, ম্যালডেন, ম্যাসাচুসেটস ০২১৪৮ [Bureau of Special Education Appeals (BSEA), 14 Summer Street, Malden, MA 02148] ঠিকানায় জমা দিতে হবে। দূরভাষ সংখ্যা: 781-397-4750; ফ্যাক্স: 781-397-4770। শুনানির জন্য এই লিখিত অনুরোধটি স্কুল সুপারিনটেনডেন্ট, Cambridge পাবলিক স্কুলস, ১৩৫ বার্কশায়ার স্ট্রিট, ক্যামব্রিজ, ম্যাসাচুসেটস ০২১৪১ (Superintendent of Schools, Cambridge Public Schools, 135 Berkshire Street, Cambridge, MA 02141) -এর নজরে এনে জমা দিতে হবে। শুনানিতে ব্যক্তিগতভাবে অংশগ্রহণ করার এবং আপনি যদি একজন আইনজীবী নিয়োগ করতে চান, তাহলে আপনার প্রতিনিধিত্ব করার অধিকার রয়েছে। শুনানি আধিকারিকের সিদ্ধান্তের সাথে আপনি যদি চূড়ান্তভাবে একমত না হন, তাহলে ফেডারেল ডিস্ট্রিক্ট কোর্টে অভিযোগ দায়ের করে আপনার সেই সিদ্ধান্তের পর্যালোচনা চাওয়ার অধিকার রয়েছে।

১৫. মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের সিভিল রাইটস অফিস, ৫ পোস্ট অফিস স্কয়ার, ৯ম তল, বোস্টন, ম্যাসাচুসেটস 02109-3921 (Office of Civil Rights of the United States Department of Education, 5 Post Office Square, 9th Floor, Boston, MA 02109-3921) ঠিকানায় অভিযোগ দায়ের করার অধিকার আপনার আছে। দূরভাষ সংখ্যা: 617-289-0111; ফ্যাক্স: 617-289-0150; টিডিডি (TDD): 800-877-8339। ইমেল: OCR.Boston@ed.gov